৭০

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 10 JUN 1997 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১ ...

যশোর বোর্ডের এইচএসসি পরীক্ষা

# ৩৪৬৯ জন পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা

ভোলা সংবাদদাতা ।। যশোর বোর্ডের অধীন ১৯৯৬ সালের এইচ,এস,সি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বোর্ডের শৃঙ্খলা কমিটি মোট ৩,৪৬৯ জন পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিয়াছে।

পরীক্ষা পরিচালনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণের দাখিলকৃত গোপন বিবরণী ও প্রতিবেদন, অন্যান্য কাগজ-পত্রাদি, উত্তর পত্র এবং কারণ দর্শাইবার নোটিসের জবাব পুংখানুপুংখ পরীক্ষা-নিরীক্ষার পর যশোর বোর্ডের শৃঙ্খলা কমিটি ২৪৮৯ জন পরীক্ষার্থীকে ১৯৯৬ সালের জন্য, ৮৮৮ জন পরীক্ষার্থীকে ১৯৯৬/৯৭ অর্থাৎ দুই বৎসরের জন্য ৬৮ জন পরীক্ষার্থীকে ১৯৯৬/৯৭/৯৮ অর্থাৎ তিন বৎসরের জন্য এবং ২৪ জন পরীক্ষার্থীকে ১৯৯৬/৯৭/৯৮/৯৯ অর্থাৎ ৪ বৎসরের জন্য পরীক্ষা দেওয়া হইতে বিরত রাখিয়াছে।